

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

বিজ্ঞপ্তি

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ২০১৯ শিক্ষাবর্ষে (ঢাকা মহনগরী ব্যতিত) বিভাগীয় শহর, জেলা ও উপজেলা পর্যায়ে অবস্থিত সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে Web ও SMS এর মাধ্যমে ভর্তির আবেদনপত্র পূরণ ও ফি প্রদান করা সংক্রান্ত নিয়মাবলী।

০১। আবেদন ফরম পূরণ : ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী <http://gsa.teletalk.com.bd> এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ ও Teletalk pre-paid mobile নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদান করে ভর্তির আবেদনের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

০২। আবেদন দাখিলের সময়সীমা :

- i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ : ০২/১২/২০১৮ দিবাগত রাত ১২:০০ টা।
 - ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ১৩/১২/২০১৮ দিবাগত রাত ১২:০০ টা।
- উল্লেখ্য সংশ্লিষ্ট জেলা/উপজেলা কমিটি সময়সীমা পরিবর্তন করতে পারবেন।

উক্ত সময়সীমার মধ্যে প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit করে User ID পাবেন। প্রাপ্ত User ID ব্যবহার করে Teletalk pre-paid mobile নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ১৩/১২/২০১৮ রাত ১২:০০ মিনিটের মধ্যে শুধু User ID প্রাপ্ত শিক্ষার্থীগণ পরবর্তী ৪৮ ঘন্টা অর্থাৎ ১৫/১২/২০১৮ রাত ১২:০০ মিনিট পর্যন্ত আবেদন ফি জমা দিতে পারবেন।

Web Application Form পূরণ এর নিয়মাবলী :

১। <http://gsa.teletalk.com.bd> ওয়েবসাইটে browse করে আবেদনপত্র পূরণ ও Submit করতে পারবেন।

২। Online-এ আবেদনপত্রের নির্দেশনা মতে প্রার্থী তার সকল তথ্য পূরণ করবেন। যে সকল প্রার্থী বিভিন্ন কোটায় আবেদন করবেন তাদের কোটার বিষয়টি অবশ্যই উল্লেখ করতে হবে অন্যথায় কোটা বিবেচনা করা সম্ভব হবে না।

৩। Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে JPEG ফরমেট-এ নির্ধারিত স্থানে Upload করবেন।

৪। Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID- সহ ছবি Applicant's copy পাবেন।

৫। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট অথবা Download কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

৬। Online-এ আবেদনপত্রে সরবরাহকৃত বাছাইকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই সরবরাহকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদানের নিয়মাবলী :

১। Applicant's কপিতে প্রাপ্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বর হতে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ প্রতিটি Application এর জন্য ১৭০/- টাকা অনধিক ৪৮ (আটচল্লিশ) ঘন্টার মধ্যে জমা দিবেন।

২। প্রথম SMS : GSA<space>User ID (Web Applicatin হতে প্রাপ্ত) লিখে send করতে হবে 16222 নম্বরে

উদাহরণ : GSA<space>ABCDEF লিখে send করতে হবে 16222 নম্বরে।

*ফিরতি SMS এ শিক্ষার্থীর নামসহ একটি PIN নম্বর পাওয়া যাবে। যা ব্যবহার করে দ্বিতীয় SMS-টি করতে হবে।

৩। দ্বিতীয় SMS : GSA<space>Yes<space>PIN (প্রথম SMS হতে প্রাপ্ত) লিখে send করতে হবে 16222 নম্বরে।

উদাহরণ : GSA<space>yes<space>123456 লিখে send করতে হবে 16222 নম্বরে

